



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০১

শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগ

সার্কুলার নং-০৯/২০১৯

তারিখঃ ০৩.০৬.২০১৯

বিষয়ঃ প্রবাসী কল্যাণ ব্যাংক, সকল শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে


বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা থেকে ৩০.০৫.২০১৯ তারিখের বিআরপিডি-১০ সংখ্যক সার্কুলারে (১) আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনে ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের সাইবার নিরাপত্তাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখঃ ০৫.০৭.২০১৫ এবং বিআরপিডি সার্কুলার নং-০৯, তারিখঃ ১৭.০৯.২০১৫ এর মাধ্যমে ইস্যুকৃত গাইডলাইন এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

(২) ছুটির দিনসহ ব্যাংকের দৈনন্দিন কার্যক্রম শেষ হওয়ার পর রাত্রিকালীন সময়ে আকস্মিক ভিত্তিতে কর্মকর্তা কর্তৃক শাখা পরিদর্শন করার ব্যবস্থা করা, ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘোষিত ছুটির দিনগুলোতে ব্যাংকের আইটি সিস্টেম, বিভিন্ন স্থাপনা এবং ভলন্টের নিরাপত্তা ব্যবস্থা সুনিশ্চিত করতে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে পালাক্রমে তদারকির ব্যবস্থা গ্রহণ করা এবং ব্যাংকের সকল ব্যবসা কেন্দ্রসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিকটবর্তী থানা অর্থাৎ পুলিশ স্টেশন, র‍্যাব অফিস ও অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার পরামর্শ দেয়া হয়েছে।

বিষয়টি সকলের অবগতির জন্যে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ফর্দঃ ০৩ (তিন) পাতা।

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।


(মোঃ আব্দুর রাজ্জাক)
এসিস্ট্যান্ট ভাইস প্রেসিডেন্ট
বিভাগীয় প্রধান
শাখা নিয়ন্ত্রণ ও উন্নয়ন বিভাগ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ২। মহাব্যবস্থাপক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
- ৩। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে)
- ৪। উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
(উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্যে)
- ৫। জনাব মোঃ শরীফুল হক, সিনিয়র এক্সিকিউটিভ অফিসার, আইটি বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। অফিস কপি।